গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.১৫৮২

বিষয়: **জেনটেক ইন্টারন্যাশনাল লি: কে যুক্তরাষ্ট্র থেকে ১০০% হলষ্টিয়ান ফ্রিজিয়ান (Pure HF) জাতের ০৫টি প্রজনন ষাঁড় আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১। উপ-মহা ব্যবস্থাপক, ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা ঢাকা-১২১২ এর ০৫/১০/২০২৩ খ্রি.তারিখের পত্র।
২। জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড, ৮৬, মনিপুরীপাড়া, তেজগাওঁ, ঢাকা-১২১৫ এর ০২/১০/২০২৩ খ্রি. তারিখের আবেদন।
৩। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার পত্র নং- ১৯১ তারিখ: ০৯/০২/২০২৩ খ্রি.
৪। National Technical Regulatory Committee (NTRC) এর ৩১/০১/২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত নং- ১৩.৪.১৭।
৫। ডেপুটি জেনারেল ম্যানেজার, ব্র্যাক কৃত্রিম প্রজনন, ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫, মহাখালী, ঢাকা-১২১২ এর ৩/০১/২০২৩ খ্রি.তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে National Technical Regulatory Committee (NTRC) এর ৩১/০১/২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত (সিদ্ধান্ত নং- ১৩.৪.১৭) অনুযায়ী আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা, পশুরোগ বিধিমালা ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি এবং পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণপূর্বক ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ-কে সরবরাহের নিমিত্তে ১০০% হলেস্টেইন ফ্রিজিয়ান জাতের নিম্নে বর্ণিত ৬টি (ছয়) প্রজনন ষাঁড় হতে যে কোনো ০৫টি (পাঁচ) প্রজনন ষাঁড় নিম্নোক্ত শর্তসাপেক্ষে যুক্তরাষ্ট্রে থেকে আমদানি করার জন্য জেনটেক ইন্টারন্যাশনাল লি: কে অনুমতি প্রদান করা হলো:

## Details of the Holstein Bulls

| SN | Farm ID/Ear Tag | Date of Birth | Name of Bull | Sire Name | Dam Name | GTPI |
|---|---|---|---|---|---|---|
| 1 | 707 | 07/02/2022 | K-MANOR SOLO 707-ET | PROGENESIS MONTEVERDI-ET | K-MANOR SOLUTION SOLO 646 | 2995 |
| 2 | 3681 | 06/22/2022 | BOMAZ KASHTON 3681-ET | CLEAR-ECHO MAX KASHTON-ET | BOMAZ ALONSO 809-ET | 2981 |
| 3 | 3699 | 07/01/2022 | BOMAZ FROST BITE 3699-ET | T-SPRUCE G FROST BITE-ET | BOMAZ HEROIC 623-ET | 2967 |
| 4 | 3701 | 07/02/2022 | BOMAZ FUGLEMAN 3701-ET | PEAK FUGLEMAN-ET | BOMAZ ROME 662-ET | 2988 |
| 5 | 5035 | 11/18/2022 | BOMAZ GEORGE MILLER 5035-ET | LARS-ACRES GEORGE MILLER-ET | BOMAZ MENDEL-P 823-ET | 2984 |
| 6 | 4012 | 02/13/2023 | BOMAZ LION 4012 | WINSTAR 2409-ET | BOMAZ MENDEL-P 826-ET | 2937 |

**শর্তাবলী:**

০১। পশুরোগ আইন-২০০৫ ও বিধি-২০০৮ অনুসরণপূর্বক আমদানিতব্য ০৫টি ১০০% হলেস্টেইন ফ্রিজিয়ান জাতেরপ্রজনন ষাঁড় শুধুমাত্র ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ এর উচ্চ মানসম্পন্ন সিমেন উৎপাদন, তাদের নিজস্ব বুল/ষাঁড় ষ্টেশনের জন্য সংকরজাত বুল/ষাঁড় উৎপাদন ও সংগ্রহ এবং নিজস্ব

কর্ম এলাকায় কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচলনার কাজে ব্যবহার করতে হবে।

০২। WOAH Guide Line এবং বাংলাদেশ Animal Disease Act-2005 অনুযায়ী আমদানীতব্য প্রজনন ষাঁড় Tuberculosis, Brucellosis, Leptospirosis, BVD (Bovine Viral Diarrhoea) FMD (Foot and Mouth Disease virus), Aspergillosis সহ WOAH তালিকাভুক্ত অন্যান্য সকল Disease এবং যে কোন Abnormalities মুক্তমর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি প্রজনন ষাঁড় এর Health Certificate আমদানীকালীন সময়ে কোয়ারেন্টাইন ষ্টেশনে দাখিল করতে হবে।

০৩। রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত মর্মে উক্ত দেশের উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকতে হবে।

০৪। আমদানিতব্য প্রজনন ষাঁড় গুলো ক্ষতিকারক Ecto and Endoparasites মুক্ত হতে হবে।

০৫। দাখিলকৃত তথ্যাদির আলোকে যে সকল প্রজনন ষাঁড় আমদানী করা হবে তার পূর্বের কমপক্ষে ০২ জেনারেশনের Pedigree Information/Performance Record (সংশ্লিষ্ট দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত) আমদানির পূর্বে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

০৭। সরবরাহকৃত তথ্যাদির আলোকে যে সকল প্রজনন ষাঁড় আমদানি করা হবে তার Ear Tag/ID Pedigree তে উল্লিখিত তথ্য Herd Book নম্বরের সাথে মিল থাকতে হবে।

০৮। আমদানিতব্য প্রজনন ষাঁড় এর Ear Tag/ ID Pedigree তে উল্লিখিত আইডি নম্বর কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট নিশ্চিত করতে হবে।

০৯। Shipment এর পূর্বে প্রজনন ষাঁড় গুলো রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের কোয়ারেন্টাইন সার্টিফিকেট দাখিল করতে হবে এবং আমদানিতব্য ষাঁড় আমদানির পর মালিক পক্ষের খরচে ও তত্ত্বাবধানে বাংলাদেশের প্রচলিত পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এর ধারা ৬ অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন প্রজনন ষাঁড় রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে মালিক পক্ষ/আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

১০। পরিবেশ দূষণ প্রশমনে খামারে বিজ্ঞানভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করতে হবে।

১১। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

১২। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

১৩। খামার সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

১৪। খামার সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগীতা করবেন।

১৫। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৭। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

০৯-১০-২০২৩
ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক

জেনটেক ইন্টারন্যাশনাল লিমিটেড, ৮৬, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.১৫৮২/১(৯)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;

২। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

৩। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা;

৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা;

৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ......................................;

৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;

৭। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা;

৮। উপ-মহা ব্যবস্থাপক, ব্র্যাক সেন্টার, ৭৫, মহাখালী, ঢাকা-১২১২ এবং

৯। অফিস কপি, ।

০৯-১০-২০২৩

ডাঃ পল্লব কুমার দত্ত

উপপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংশ্লিষ্ট সংযুক্তিসমূহ